Human Resources Administration
Department of Social Services
Family Independence Administration

# শিশুর পরিচর্যা সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য (Bengali)

শিশুর পরিচর্যা খোঁজার সময় আপনার অধিকার ও দায়িত্বগুলির সম্বন্ধে এই বিজ্ঞপ্তিটি তথ্য দেয়, যাতে আপনি HRA-এর কাজের নিয়মাবলীতে অংশ নিতে পারেন।

***যখন আমি জব সেন্টারে রিপোর্ট করব তখন আমি কি প্রত্যাশা করব?***

- সাক্ষাৎকারের 15 দিন পরে আপনার কর্মীর সঙ্গে ফিরে আসার জন্য আপনাকে একটি অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে। এই 15 দিনে আপনাকে অবশ্যই একজন শিশু পরিচর্যা প্রদানকারী খুঁজতে হবে।
- আপনি যদি 15 দিনের মধ্যে শিশু পরিচর্যা খুঁজে না পান, তাহলে আপনাকে আরো সময় দেওয়া হতে পারে। আপনার যদি শিশু পরিচর্যা খোঁজার জন্য আরো সময়ের প্রয়োজন হয়, তাহলে আপনার পরবর্তী অ্যাপয়েন্টমেন্টে আপনার কর্মীকে আপনার তা জানানো উচিত।

## আপনার অধিকার

আপনার এই **অধিকারগুলি** আছে:

- **আপনার প্রাথমিক** পরিচর্যা প্রদানকারী নির্বাচন করা। এই পরিষেবা প্রদানকারী লাইসেন্সপ্রাপ্ত বা নিয়ন্ত্রিত হতে পারে, অথবা কোনো আত্মীয়, বন্ধু বা বিশ্বস্ত প্রতিবেশী হতে পারে।
- **আপনার শিশুকে এমন একজন পরিষেবা প্রদানকারীর কাছে রাখুন যিনি "যথাযথ, নাগালের মধ্যে, উপযুক্ত ও সামর্থ্যের মধ্যে।"**

| | |
|---|---|
| *উপযুক্ত:* | **আপনাকে যখন আপনার চাকরির কাজকর্ম করতে হয়, সেই সময় পরিষেবা প্রদানকারী খোলা থাকা উচিত।** আপনার সন্তানের যদি বিশেষ প্রয়োজন থাকে, সেই ক্ষেত্রে পরিষেবা প্রদানকারীকে এই বিশেষ প্রয়োজনগুলির দেখাশোনা করতে ইচ্ছুক ও সক্ষম। |
| *অ্যাক্সেসযোগ্য:* | **আপনি বাস, ট্রেন বা গাড়িতে পরিষেবা প্রদানকারীর কাছে পৌঁছতে পারেন,** এবং পরিষেবা প্রদানকারী যুক্তিসঙ্গত দূরত্বের মধ্যে অবস্থিত। যুক্তিসঙ্গত দূরত্ব বলতে বোঝায় আপনি এক ঘণ্টা *15* মিনিটের মধ্যে বাড়ি থেকে পরিষেবা প্রদানকারীর কাছে এবং তারপর সেখান থেকে কর্মক্ষেত্রে পৌঁছতে পারেন। |
| *মানানসই:* | **পরিষেবা প্রদানকারী এবং পরিষেবার স্থানটি এমন মানদন্ডগুলি পূরণ করে, যা কোনো পিতামাতা তাদের সন্তানের জন্য চাইবেন।** পরিষেবা প্রদানকারীর শারীরিক ও মানসিক অবস্থা এবং ডে কেয়ার সেন্টার বা বাড়ির বাস্তবিক অবস্থা আপনার শিশুর(দের) ক্ষতি করবে না বা তাদেরকে বিপদে ফেলবে না। |
| *সাশ্রয়ী মূল্যের:* | **শিশু পরিচর্যার খরচের আপনার অংশটি পরিশোধ করার জন্য আপনার পর্যাপ্ত অর্থ আছে, যদি আপনাকে তা পরিশোধ করতে হয়।** যদি HRA আপনার শিশু পরিচর্যা প্রদানকারীকে অনুমোদন করে তাহলে আপনাকে মূল্য পরিশোধ করতে হবে না, যদি না আপনার বেছে নেওয়া পরিষেবা প্রদানকারী স্টেট দ্বারা ধার্য করা বাজার দরের চেয়ে বেশি দাবি করে। HRA যে পরিমাণ অর্থ প্রদান করার জন্য অনুমোদিত, পরিষেবা প্রদানকারী যদি তার চেয়ে বেশি দাবি করে তাহলে আপনাকে অবশ্যই এই পার্থক্য পরিশোধ করতে হবে। |

আপনার এই **অধিকারগুলিও** আছে:

- আপনার কর্মীর থেকে **সাহায্য নেওয়া**। আপনি যদি নিজে থেকে শিশু পরিচর্যা খুঁজে পেতে না পারেন, তাহলে আপনার কর্মীকে অবশ্যই শিশু **পরিচর্যা প্রদানকারীদের দুটি বিকল্প আপনাকে দিতে হবে**। এদের মধ্যে কমপক্ষে একজনকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট বা নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের (New York City Department of Health) থেকে লাইসেন্সপ্রাপ্ত বা তার দ্বারা নিবন্ধিত হতে হবে।

- **আপনি স্বচ্ছন্দ নন এমন প্রদানকারী** নিতে চাপ দেওয়া হচ্ছে এমন অনুভব হচ্ছে না।

- আপনার যদি 13 বছরের কম বয়সী কোনো শিশু থাকে, এবং আপনি এমন একজন পরিষেবা প্রদানকারী খুঁজে পেতে অক্ষম হন যে ওপরের মানদন্ডগুলি পূরণ করে, **সেই ক্ষেত্রে আপনার চাকরির কাজকর্ম থেকে অব্যাহতি পাওয়া**। যদি HRA সম্মত হয় যে কোনো গ্রহণযোগ্য পরিচর্যা লভ্য নেই, তাহলে আপনাকে **90 দিন** পর্যন্ত অব্যাহতি দেওয়া হতে পারে। আপনাকে যে সময়কালের জন্য অব্যাহতি দেওয়া হয় সেই সময় আপনাকে অবশ্যই শিশু পরিচর্যা খোঁজার কাজ চালিয়ে যেতে হবে। অব্যাহতির সময় পেরিয়ে যাওয়ার পরে, আপনার শিশু পরিচর্যার বর্তমান অবস্থা আমাদেরকে জানানোর জন্য আপনাকে আবারও ডাকা হবে। মানদন্ডগুলি পূরণ করে এমন শিশু পরিচর্যা খোঁজার জন্য আপনি যদি **সৎ বিশ্বাসে প্রচেষ্টা** করে থাকেন, কিন্তু তারপরেও আপনি শিশু পরিচর্যা পেতে অসমর্থ হন তাহলে আপনার অব্যাহতি পাওয়া চালু থাকতে পারে।

- শিশু পরিচর্যা সহায়তার যে কোনো পরিবর্তনের বিষয়ে, যেমন তা শেষ হয়ে যাওয়া, অথবা এমন কোনো পরিবর্তন যা আপনাকে শিশু পরিচর্যা প্রদানকারী পরিবর্তন করতে বাধ্য করে, সেগুলির বিষয়ে **সময়োপযোগী ও পর্যাপ্ত বিজ্ঞপ্তি পাওয়া**। যদি HRA একজন পরিষেবা প্রদানকারী বা পরিষেবার স্থান সম্পর্কে এমন তথ্য জানা যায়, যা সেই সুবিধার শিশুদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে ঝুঁকিগ্রস্ত করতে পারে, সেই ক্ষেত্রে শিশু পরিচর্যা অবিলম্বে সমাপ্ত হয়ে যেতে পারে এবং আপনাকে অবশ্যই অন্য একজন পরিষেবা প্রদানকারী খুঁজতে হবে।

- আপনি যদি শিশু পরিচর্যার অভাবে কর্মক্ষেত্রের কাজকর্মে উপস্থিত থাকতে বিফল হয়ে থাকেন, সেই ক্ষেত্রে নগদ অর্থ সহায়তা (Cash Assistance) কমানো বা তা সমাপ্ত করে দেওয়ার এজেন্সির সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানানোর **জন্য একটি ন্যায্য শুনানির অনুরোধ করা**।

- কর্মক্ষেত্রের কাজকর্ম মান্য করে চলতে বিফল হওয়ার কারণে, শিশু পরিচর্যা সমাপ্ত করে দেওয়ার এজেন্সির সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানানোর **জন্য একটি ন্যায্য শুনানির অনুরোধ করা**।

## আপনার দায়িত্বসমূহ

**আপনি যাতে HRA থেকে শিশু পরিচর্যা সহায়তা পান বা তা পাওয়া অব্যাহত থাকে তা সুনিশ্চিত করার জন্য, আপনার নিম্নোক্ত দায়িত্বগুলি আছে:**

- **সব অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকা।** আপনার যদি এখনও একজন শিশু পরিচর্যা প্রদানকারী খুঁজতে থাকেন, তাহলে আপনার পরবর্তী সূচিভুক্ত অ্যাপয়েন্টমেন্টে আপনার কর্মীকে জানান যে একটি প্রদানকারী খুঁজে পেতে আপনার আরো সময় প্রয়োজন।

- আপনার কর্মী বা অন্যান্য প্রোগ্রাম যেগুলি আপনাকে প্রদানকারী খুঁজতে সাহায্য করে এমন সমস্ত **রেফারেল ফলো-আপ করুন**।
  - আপনি যতক্ষণ না এমন একজন পরিষেবা প্রদানকারী বেছে নিতে সক্ষম হচ্ছেন যিনি যথাযথ, নাগালের মধ্যে, উপযুক্ত ও সামর্থ্যের মধ্যে, ততক্ষণ আপনাকে যতগুলি পরিষেবা প্রদানকারীর কাছে রেফার করা হবে তাদের সবার সঙ্গে ফোন বা সাক্ষাৎ করুন।
  - আপনি যতজন পরিষেবা প্রদানকারীর সঙ্গে দেখা করেন তাদের প্রত্যেকের বিষয়ে নোট নিন, যাতে আপনার শিশুর জন্য সঠিক পরিষেবা প্রদানকারী ও শিশু পরিচর্যার স্থান বেছে নেওয়ার সময় আপনি একটি অবহিত সিদ্ধান্ত নিতে পারেন। আপনি যদি মনে করেন যে আপনি যে সব পরিষেবা প্রদানকারীর সঙ্গে সাক্ষাৎ করেন তাদের মধ্যে কেউই সঠিকভাবে উপযুক্ত নয়, তাহলে আপনাকে আমাদের বৈধ কারণ জানাতে হবে যে আপনি কেন সেই প্রদানকারীকে নির্বাচন করেন নি। আপনাকে যে সব পরিষেবা প্রদানকারীর কাছে রেফার করা হয়েছিল আপনি যদি তাদের সবার সঙ্গে সাক্ষাৎ করে থাকেন, এবং তারপরেও কোনো শিশু পরিচর্যা প্রদানকারী খুঁজে পেতে না পারেন, তাহলে আপনাকে অন্য পরিষেবা প্রদানকারী খোঁজার জন্য আরো সময় দেওয়া হবে।

- **আপনার অগ্রগতির ব্যাপারে আপনার কর্মীকে অবহিত রাখুন।**

- **একজন শিশু পরিচর্যা প্রদানকারী খোঁজা চালিয়ে যান** এবং সব রেফারালগুলির ব্যাপারে খোঁজখবর নিন, এমন কি আপনাকে যদি শিশু পরিচর্যার অভাবের কারণে কর্মক্ষেত্রের কাজকর্ম থেকে বর্তমানে অব্যাহতি দেওয়া হয়ে থাকে তাহলেও। এটি কোনো স্থায়ী অজুহাত নয়।

- **আপনি যদি আপনার শিশু পরিচর্যা প্রদানকারী পরিবর্তন করেন তাহলে আপনার কর্মীকে অবিলম্বে জানান।**

**একটি পরিষেবা প্রদানকারী বেছে নেওয়ার সময় নিজেকে এই গুরুত্বপূর্ণ প্রশ্ন জিজ্ঞাসা করুন:**

- *আমার শিশুকে এই স্থানে এই ব্যক্তির কাছে বা এই ডে কেয়ার পরিষেবা প্রদানকারীর কাছে রেখে যেতে আমি কি নিরাপদ বোধ করব?*
- *শিশুরা কি সবসময় প্রাপ্তবয়স্কদের তত্ত্বাবধানে থাকে?*
- *জরুরি অবস্থা সামলানোর জন্য স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত কী কী নীতি ও কার্যপ্রণালী আছে?*
- *শিশু পরিচর্যার স্থানটি কি পরিষ্কার দেখায়?*
- *আমার যখন পরিষেবাগুলির প্রয়োজন হয়, শিশু পরিচর্যা প্রদানকারী কি তখন সেগুলি প্রদান করে?*
- *আমি কি যুক্তিসঙ্গত সময় ও দূরত্বের মধ্যে ডে কেয়ার সেন্টারে যাতায়াত করতে পারি?*

কিভাবে **শিশু পরিচর্যা প্রদানকারী** খুঁজতে হয় তা সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার আপনার আছে। বিভিন্ন প্রকারের সংস্থান লভ্য আছে যেগুলি আপনাকে শিশু পরিচর্যা খুঁজে পেতে সাহায্য করতে পারে:

- *চাইল্ড কেয়ার-এর ACS ডিভিশন ও হেড স্টার্ট (Child Care and Head Start): **311** নম্বরে ফোন করুন*
- *চাইল্ড কেয়ার রিসোর্স অ্যান্ড রেফারাল কনসর্টিয়াম (Child Care Resource and Referral Consortium, CCRRC): **(888) 469-5999** নম্বরে ফোন করুন*
- *DOHMH'-এর ফ্যামিলি ডে কেয়ার রেজিস্ট্রেশান অফিস (Family Day Care Registration Office):*

  **(646) 632-6100** নম্বরে ফোন করুন

  দেখুন: **https://a816-healthpsi.nyc.gov/ChildCare/ChildCareList.do**
- *বিশেষ সমস্যা আছে এমন শিশুদের জন্য সংস্থানসমূহ (Resources for Children with Special Needs): **(212) 677-4650** বা **(212) 677-4660** নম্বরে ফোন করুন*
- *আর্লিলার্ন NYC (EarlyLearn NYC):* **http://www.nyc.gov/html/acs/html/child_care/for_parents.shtml** দেখুন
- *HRA শিশু পরিচর্যা* (*HRA Child Care*): **http://nyc-csg-web.csc.nycnet/site/hra/help/childcare.page** দেখুন

  (জিপ কোড দিন এবং একটি বয়সের শ্রেণী নির্বাচন করুন)

আপনি আপনার কর্মীর থেকে আপনার জিপ কোডে পরিষেবা প্রদানকারীদের নাম, ঠিকানা ও টেলিফোন নম্বরগুলির একটি তালিকাও পেতে পারেন।

| শিশু পরিচর্যার ধরণ | |
|---|---|
| **নিয়ন্ত্রিত শিশু পরিচর্যা:** আরো তথ্যের জন্য **888-469-5999 নম্বরে CCRRC** তে ফোন করুন | |
| একটি নিয়ন্ত্রিত শিশু পরিচর্যা শিশু পরিচর্যা প্রদানকারী স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগ (Department of Health and Mental Hygiene, DOHMH) দ্বারা লাইসেন্সপ্রদত্ত বা নিবন্ধিত স্বাস্থ্য এবং স্বাস্থ্য, আগুন ও নির্মাণ বিধিগুলি মেনে চলে। এগুলির কর্মীদের অবশ্যই চিকিৎসাগত, চরিত্র ও অপরাধমূলক প্রেক্ষাপটের পরীক্ষাগুলিতে উত্তীর্ণ হতে হয় | |
| **পরিবারের সঙ্গে শিশু পরিচর্যা:** | পরিষেবা প্রদানকারীর বাসায় ছয়টি পর্যন্ত শিশুর দেখাশোনা করা হয় (প্রদানকারীর নিজের সন্তানরা সহ)। দুই বছরের কম বয়সের দুটির বেশি শিশুর অনুমতি নেই। অনেকে 13 বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য শিশু পরিচর্যা প্রদান করে। |
| **পরিবারের সঙ্গে দলবদ্ধ শিশু পরিচর্যা:** | দু'জন পরিষেবা প্রদানকারী একজন প্রদানকারীর বাসায় 12 টি পর্যন্ত শিশুর দেখাশোনা করে। |
| **আর্লি লার্ন শিশু পরিচর্যা কেন্দ্রগুলি:** | সারা বছর ধরে ACS-এর চুক্তিবদ্ধ শিশু পরিচর্যা কেন্দ্রগুলি, যেখানে শিক্ষক ও অন্য প্রশিক্ষিত কর্মীরা শ্রেণীকক্ষের পরিসরে পরিচর্যা দেয়। স্কুলের জন্য প্রস্তুতি উন্নত করা এবং শিশুদের শারীরিক, সামাজিক ও মানসিকভাবে বিকশিত হতে সাহায্য করার জন্য প্রতিটি কার্যক্রমে একটি শিক্ষামূলক অংশ আছে। |
| **শিশু বিকাশ কার্যক্রম:** আরো তথ্যের জন্য **311** নম্বরে ফোন করুন | |
| **হেড স্টার্ট (Head Start):** | একটি শিশু বিকাশ কার্যক্রম যা 3-5 বছর বয়সের শিশুদের পরিষেবা দেয় এবং শিশুদেরকে স্কুলের জন্য প্রস্তুত করতে কাজকর্ম ও শিক্ষামূলক কার্যক্রম প্রদান করে। |
| **ইউনিভার্সাল প্রি-কিন্ডারগার্টেন (Universal Pre-Kindergarten, UPK):** | শিক্ষা বিভাগ (Department of Education)-এর একটি কার্যক্রম, যা শিশুর ইতিবাচক প্রাথমিক বিকাশের উন্নতি করার জন্য শিশুদের একটি প্রতিপালনকারী ও শিক্ষামূলক পরিবেশ প্রদান করে। পিতামাতারা একটি সরকারী স্কুলে বা সমুদায়-ভিত্তিক পরিবেশে একটি UPK কার্যক্রম বেছে নিতে পারেন। |
| **কম্পাস NYC (Compass NYC):** | তরুণদের জন্য কার্যক্রম, যা স্কুল শেষ হওয়ার পরবর্তী সময়ে, সপ্তাহের শেষের দিনগুলিতে এবং স্কুলের লম্বা ছুটির সময় বিনামূল্যে অধ্যয়ন সহায়তা, খেলাধূলা ও বিনোদনমূলক কাজকর্মের একটি মিশ্রণ প্রদান করে, এছাড়াও শিল্পকলা ও সাংস্কৃতিক অভিজ্ঞতা প্রদান করে। গ্রীষ্মকালীন কার্যক্রমের তথ্যের জন্য **1-800-246-4646** নম্বরে DYCD-এর ইউথ কানেক্টে ফোন করুন (Youth Connect)। |
| **ঘরোয়া/আইনত অব্যাহতিপ্রাপ্ত পরিষেবা প্রদানকারী** | |
| **পরিবার**, বন্ধু বা প্রতিবেশীরা প্রায়ই ঘরোয়া পরিচর্যা প্রদান করেন। নিউ ইয়র্ক শহরের কাছ থেকে ভর্তুকিপ্রাপ্ত শিশু পরিচর্যার অর্থ পাওয়ার জন্য ঘরোয়া/আইনত অব্যাহতিপ্রাপ্ত পরিষেবা প্রদানকারীকে অবশ্যই একটি তালিকাভুক্তি সংস্থার দ্বারা অনুমোদিত হতে হবে। পরিষেবা প্রদানকারী শিশুর পিতামাতা বা অভিভাবক হতে পারেন না, অথবা শিশুটির মতো একই নগদ অর্থ সহায়তা কেসে থাকতে পারেন না। | |

**FYI:** লাইসেন্সপ্রাপ্ত বা নিয়ন্ত্রিত পরিচর্যা হল লভ্য শিশু পরিচর্যার সর্বাধিক সুরক্ষিত ও সুস্থিত ধরন।

**যদি আপনার কোনো প্রশ্ন থাকে, সহায়তার প্রয়োজন হয় বা আরো সময়ের দরকার পড়ে তাহলে আপনার কর্মীর সঙ্গে যোগাযোগ করুন**